প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর

প্রশাসনিক উইং- রেজিষ্ট্রেশন শাখা

তালিকাভূক্তির নিয়মাবলি

সাধারণ

১। কোন সরবরাহকারী প্রতিষ্ঠান প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের সরবরাহকারী হিসাবে তালিকাভূক্ত/নিবন্ধিত হতে আগ্রহী হলে উক্ত সরবরাহকারী প্রতিষ্ঠানের মালিক বা প্রতিষ্ঠানের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে জীবন-বৃত্তান্ত (ডিজিডিপি কর্তৃক প্রণীত), ০২ (দুই) কপি সত্যায়িত ছবি এবং **৩,০০০.০০ (তিন হাজার) টাকার পে-অর্ডার (মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর এর অনুকূলে) সহ মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর এর বরাবরে আবেদনপত্র ফরম প্রাপ্তির জন্য আবেদন করবেন। আবেদন পত্রটি ডাকযোগে প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুন বিমান বন্দর সড়ক, তেজগাঁও, ঢাকা-১২১৫ এই ঠিকানায় অথবা সরাসরি আবেদন এর ক্ষেত্রে বর্ণিত কাগজ-পত্রাদি ডিজিডিপি'র সিআর (Central Regisration) শাখায় জমা করা যাবে।** আবেদন পত্র জমাকারীকে (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধি) আবেদন পত্র জমা করার প্রমান দাখিলপূর্বক নির্ধারিত তারিখে রেজিষ্ট্রেশন শাখার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তার নিকট হতে তালিকাভূক্তির আবেদন ফরম ও নীতিমালা সংগ্রহ করতে হবে।

২। আবেদনকারীর যোগ্যতা

ক। আবেদনকারীর বয়স নুন্যতম ২৫ বৎসর হওয়ার পাশাপাশি মানসিকভাবে ভারসাম্য পূর্ণ হতে হবে ।

খ। আবেদনকারী এবং তার বংশধরকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

গ। সামরিক বাহিনীর অবসর প্রাপ্ত সদস্যদের ব্যক্তিগত নম্বর উল্লেখ পূর্বক জীবন-বৃত্তান্ত প্রদান করতে হবে (যাতে সমগ্র চাকুরী সংক্রান্ত তথ্যাবলী উল্লেখ থাকতে হবে)। এক্ষেত্রে আর্মি রেগুলেশন (রুলস) ৩২২ প্রণিধানযোগ্য।

ঘ। চাকুরীরত সামরিক কর্মকর্তা এবং কর্মচারীগনের ক্ষেত্রে আর্মি রেগুলেশন (রুলস) ৩২১ এবং আর্মি রেগুলেশন (ইনস্ট্রাকশন) ২৩৯ ও ২৪০ প্রণিধানযোগ্য ।

ঙ। কোন অবস্থাতেই কোন সরবরাহকারী প্রতিষ্ঠানের মালিক/ স্বত্ত্বাধিকারী বা ব্যবস্থাপনা পরিচালক/ নির্বাহী পরিচালক/পরিচালক বা কর্মকর্তা-কর্মচারী ডিজিডিপির তালিকাভূক্ত অন্য কোন প্রতিষ্ঠানের মালিক/ স্বত্ত্বাধিকারী বা ব্যবস্থাপনা পরিচালক/ নির্বাহী পরিচালক/পরিচালক বা কর্মকর্তা-কর্মচারী হিসাবে নিয়োজিত থাকলে তার নামে কোন প্রতিষ্ঠানকে অত্র মহাপরিদপ্তরের তালিকাভূক্ত করা হবে না । তথ্য গোপন করে তালিকাভূক্ত হলে প্রমান প্রাপ্তি সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠান কর্তৃক জমাকৃত নিরাপত্তা জামানতের অর্থ বাজেয়াপ্ত করতঃ প্রতিষ্ঠানের তালিকাভূক্তি বাতিল করা হবে ।

চ। একই পরিবারভূক্ত নির্ভরশীল সদস্যদের নামে একাধিক প্রতিষ্ঠানকে তালিকাভূক্ত করা হবে না।

৩। ডিজিডিপি কর্তৃক চাহিদাকৃত প্রয়োজনীয় নথিপত্রাদি । আবেদন পত্রের সাথে আবেদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত তথ্যাবলী/হালনাগাদ নথিপত্রাদি (প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট অথবা প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক) ০৩ সেট দাখিল করতে হবেঃ

ক। হালনাগাদ ট্রেড লাইসেন্স সনদ।

খ। হালনাগাদ টি আই এন নম্বর উল্লেখ পূর্বক আয়কর ও মূল্য সংযোজন করের সনদপত্র।

গ। আবেদনের তারিখ হতে পূর্ববর্তী ০৬(ছয় মাসের) ব্যাংক ট্রানজেকশনের বিবরণ ও ব্যাংক সলভেন্সী সনদপত্র।

ঘ। বৈদেশিক পণ্য/দ্রব্যাদি সরবরাহের ক্ষেত্রে আমদানী নিবন্ধন সনদ (আই আর সি) ।

ঙ। বৈদেশিক পণ্য/দ্রব্যাদি সরবরাহের ক্ষেত্রে চেম্বার অব কমার্স এর মেম্বারশীপ সনদ।

চ। **বৈদেশিক পণ্য/দ্রব্যাদি সরবরাহের ক্ষেত্রে ইনডেন্টিং সনদ ।**

ছ। **নোটারী পাবলিক কর্তৃক (৩০০.০০ টাকার ষ্ট্যাম্পে) দেয়া হলফনামা (এফিডেভিট) পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ।**

জ। সার্টিফিকেট অব ইনকর্পোরেশনসহ মেমোরেন্ডাম এন্ড আর্টিক্যালস অব এসোসিয়েশন (সংস্থাটি যদি লিঃ কোম্পানী হয়)।

ঝ। আবেদনকারীর (মালিক/চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, নির্বাহী পরিচালক ও পরিচালকগণের) সদ্য তোলা ০৩ কপি রঙিন পাসপোর্ট আকারের ১ম শ্রেনীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ছবি ও জীবন-বৃত্তান্ত।

ঞ। আবেদনকারীর (মালিক/চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, নির্বাহী পরিচালক ও পরিচালকগণের) চারিত্রিক সনদ (প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত) এবং স্থায়ী ঠিকানায় জাতীয়তা সনদ (ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত)।

ট। জাতীয় পরিচয়পত্র বা ভোটার আই ডি কার্ডের সত্যায়িত ফটোকপি।

ঠ। আবেদনকারীর (মালিক/চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, নির্বাহী পরিচালক ও পরিচালকগণের) ফার্মের মুদ্রিত প্যাডে বাংলাদেশ সরকারের প্রতি আনুগত্য সনদ।

ড। আবেদনকারীর (মালিক/চেয়ারম্যান,ব্যবস্থাপনা পরিচালক,নির্বাহী পরিচালক ও পরিচালকগণের) স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণ (ফার্মের মুদ্রিত প্যাডে)।

ঢ। পার্টনারশীপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে পার্টনারশীপ চুক্তিনামাসহ প্রত্যেক পার্টনারদের জীবন-বৃত্তান্ত, ছবি, জাতীয়তা চারিত্রিক, আনুগত্য ও শিক্ষাগত যোগ্যতার সনদ ।

ণ। আবেদনকারীর (মালিক/চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, নির্বাহী পরিচালক ও পরিচালকগণের) শিক্ষাগত যোগ্যতার সনদ (এস এস সি পাশ হলে উক্ত পরীক্ষা পাসের সনদপত্রের সত্যায়িত কপি এবং এস এস সি পাশ না হলে স্কুল/ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক বয়স উল্লেখ পূর্বক সনদ)।

ত। আবেদনকারী প্রতিষ্ঠানের ফোন ও মোবাইল নম্বর, ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা প্রদান হবে।

থ। তালিকাভূক্তির আবেদনপত্রটি অবশ্যই স্পষ্ট হাতে লিখে বা কম্পিউটারে টাইপ করে পূরণ করতঃ (কোন প্রকার ঘষা - মাজা ব্যতিরেকে) জমা করতে হবে ।

দ। **যে সকল প্রতিষ্ঠান গ্রুপ ৪ এবং গ্রুপ ১০ সহ সকল গ্রুপের অনুকূলে তালিকাভুক্ত প্রতিষ্ঠান, সে সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে গ্রুপ ৪ এবং গ্রুপ ১০ এর অনুকূলে প্রাপ্ত নিরাপত্তা ছাড়পত্রের তারিখ হতে ০৫ (পাঁচ) বছর হিসাব করতঃ সকল গ্রুপের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র নবায়ন করতে হবে । উল্লেখ্য ডিজিডিপি কর্তৃক চাহিদাকৃত প্রয়োজনীয় নথিপত্রাদিতে গ্রুপ ৪ এবং গ্রুপ ১০ এর অনুকূলে তালিকাভুক্তির জন্য এজেন্সি সনদ দাখিল করতে হবে ।**

৪। **<u>গ্রুপ সমূহ</u>** । ডিজিডিপির মাধ্যমে ক্রয়তব্য সকল পণ্য সামগ্রীকে নিম্নোক্ত ১২ টি গ্রুপে বিভক্ত করা হয়েছেঃ

ক। গ্রুপ- ১ ঃ যান্ত্রিক পরিবহন এবং এর যন্ত্রাংশ ও ব্যাটারী ।
খ। গ্রুপ - ২ ঃ সংকেত,ইলেকট্রনিক্স,বৈদ্যুতিক সরঞ্জাম ও এর যন্ত্রাংশ ।
গ। গ্রুপ - ৩ ঃ ঔষধ,তড়িৎ,চিকিৎসা সরঞ্জাম ও অন্যান্য সম্পর্কিত দ্রব্য ।
ঘ। গ্রুপ - ৪ ঃ অস্ত্র-শস্ত্র ও গোলাবারুদ।
ঙ। গ্রুপ - ৫ ঃ বস্ত্র,ব্যারাক,টেনটেজ,শিবির সরঞ্জাম,হাসপাতাল ও অন্যান্য সম্পর্কিত দ্রব্য ।
চ। গ্রুপ - ৬ ঃ কারখানা ও পরীক্ষা সরঞ্জাম ।
ছ। গ্রুপ - ৭ ঃ মনুষ্য ও পশুখাদ্য,স্বাস্থ্য ও রাসায়নিক দ্রব্যাদি সহ সেনাবাহিনীর সরবরাহ কোরের পণ্যাদি।
জ। গ্রুপ - ৮ ঃ যাবতীয় যন্ত্র এবং গ্রাউন্ড ইকুইপমেন্ট ।
ঝ। গ্রুপ - ৯ ঃ ষ্টেশনারী,অফিসে ব্যবহার্য পণ্য ও ফটো সরঞ্জাম ।
ঞ। গ্রুপ- ১০ ঃ বিমান, হেলিকপ্টার ও নৌ-ইঞ্জিনের যন্ত্রাংশ।
ট। গ্রুপ - ১১ ঃ নির্মান সরঞ্জাম /উপাদান,লোহালক্কড় ও সাধারন প্রকৌশল মালামাল।
ঠ। গ্রুপ - ১২ ঃ রং,রাসায়নিক দ্রব্য ও মোড়ক উপকরণ।

৫। **<u>বিশেষ নির্দেশাবলী</u>**

ক। ডিজিএফআই'র নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে আবেদনকারী সকল প্রতিষ্ঠানকে প্রাথমিকভাবে গ্রুপ ৪ ও ১০ ব্যতিত অন্যান্য গ্রুপ সমূহের বিপরীতে তালিকাভূক্ত করা যাবে। তবে প্রমিতকরণকৃত পণ্যের ক্ষেত্রে (Standarized item) দরপত্রে অংশ গ্রহণ সংশ্লিষ্ট পণ্য এবং সরবরাহকারী প্রতিষ্ঠানের প্রমিতকরণ করার উপর নির্ভর করবে।

খ। গ্রুপ - ৪ ও ১০ এ তালিকাভূক্তির ক্ষেত্রে পরবর্তীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পৃথক আবেদনের প্রেক্ষিতে প্রতিষ্ঠানের ক্ষমতা / যোগ্যতা /নিরাপত্তা বিষয়ে আলাদাভাবে বিশেষ ছাড়পত্র ডিজিএফআই'র নিকট হতে গ্রহণ করতে হবে । শুধুমাত্র প্রাথমিক নিরাপত্তা ছাড়পত্রের ভিত্তিতে গ্রুপ ৪ ও ১০ এর বিপরীতে তালিকাভূক্ত করা যাবে না ।

গ। সরবরাহকারীদের নিকট হতে আবেদনপত্র প্রাপ্তির পর আবেদন পত্রের সাথে সরবরাহকৃত নথিপত্রাদি/দলিল-দস্তাবেজ অনধিক ০৫ কার্যদিবসের মধ্যে যাচাই/বাছাই সম্পন্ন করা হবে। প্রাথমিক যাচাই/বাছাইয়ের পর নথিপত্রাদি সঠিক পাওয়া গেলে তা অনধিক ০৫ কার্যদিবসের মধ্যে আবেদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে/পক্ষে নিরাপত্তা ছাড়পত্র গ্রহণের নিমিত্তে ডিজিএফআই'তে প্রেরণ করা হবে। একই সাথে দাখিলকৃত নথিপত্রাদির সঠিকতা যাচাইয়ের জন্য প্রয়োজন বোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হবে।

ঘ। ডিজিএফআই এর নিকট হতে নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তির পর এবং নথিপত্র সঠিকতা যাচাইয়ের পর সরবরাহকারী প্রতিষ্ঠান'কে অনধিক ০৫ কার্যদিবসের মধ্যে তালিকাভূক্তি ফি বাবদ **২,০০০.০০+৩০০.০০ (ভ্যাট চার্জ ১৫%)=২,৩০০.০০ টাকা** এবং **নিরাপত্তা জামানত বাবদ ১,০০০০০.০০ টাকার পে-অর্ডার (মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের অনুকূলে) জমা করার জন্য পত্র দেওয়া হবে**। তবে তালিকাভূক্তি ফি ও নিরাপত্তা জামানতের অর্থের পরিমান পুনঃ নির্ধারিত হলে পুনঃ নির্ধারিত অর্থই জমা করতে হবে।

ঙ। সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে **তালিকাভূক্তি ফি বাবদ ২,৩০০.০০** টাকা এবং নিরাপত্তা জামানত বাবদ **১,০০,০০০.০০ টাকার পে-অর্ডার** প্রাপ্তি সাপেক্ষে অনধিক ০৩ কার্যদিবসের মধ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানকে তালিকাভূক্তির কার্যক্রম গ্রহণ করা হবে ।

চ। সরবরাহকারী প্রতিষ্ঠানের আবেদনপত্রসহ সংশ্লিষ্ট সকল নথিপত্রাদি অত্র মহাপরিদপ্তর কর্তৃক নিরাপত্তা ছাড়পত্রের জন্য ডিজিএফআই এ প্রেরণের পর যদি নিরাপত্তা ছাড়পত্র পেতে এক বা একাধিক আর্থিক বৎসর উত্তীর্ণ হয়ে যায় সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে মেয়াদোত্তীর্ণ নথিপত্র/সনদপত্রের হালনাগাদ কপি প্রেরনের জন্য পত্র লিখা হবে।

ছ। কোন কোন ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানের নিরাপত্তা ছাড়পত্র ডিজিএফআই কর্তৃক প্রদান করা হয় না কিংবা কি কারণে প্রদান করা হলো না তা ডিজিএফআই কর্তৃক অত্র মহাপরিদপ্তরকে জানানো হয় না । এমতাবস্থায় অত্র মহাপরিদপ্তর কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র না দেয়া/না প্রাপ্তির কারণ সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠানকে লিখিতভাবে জানানো হবে না। তবে যোগাযোগ করা হলে সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা কর্তৃক মৌখিকভাবে ডিজিএফ আই কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয় নাই মর্মে জানানো হবে ।

জ। অত্র মহাপরিদপ্তরের তালিকাভূক্তির গ্রুপ - ৪ অস্ত্র-শস্ত্র ও গোলাবারুদ এবং গ্রুপ-১০ বিমান, হেলিকপ্টার, নৌ-ইঞ্জিনের যন্ত্রাংশ, এতদসংশ্লিষ্ট রাডার বা এর যন্ত্রাংশ ইত্যাদি সংবেদনশীল ও গোপনীয় বিধায় উক্ত গ্রুপদ্বয়ের অনুকূলে কোন সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভূক্ত হতে আগ্রহী হলে সেক্ষেত্রে সরবরাহকারীকে প্রতিষ্ঠানের প্যাডে উক্ত গ্রুপের জন্য আলাদাভাবে আবেদন করতে হবে । গ্রুপ- ৪ ও ১০ এর জন্য ডিজিএফআই হতে বিশেষ নিরাপত্তা ছাড়পত্র গ্রহন করতে হবে। তবে সরবরাহকারী যদি গ্রুপ- ৪ ও ১০ এর অন্তর্ভূক্ত পণ্যের প্রস্তুতকারী হিসাবে তালিকাভূক্ত হতে চায় সেক্ষেত্রে এর স্বপক্ষে উক্ত প্রতিষ্ঠানকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ছাড়পত্র / সনদ উপস্থাপন করতে হবে। স্বরাষ্ট মন্ত্রণালয়ের ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ডিজিএফআই এর নিরাপত্তা ছাড়পত্র গ্রহণ করা হবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ছাড়পত্র অত্র মহাপরিদপ্তর কর্তৃক সঠিকতা যাচাই সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠানকে গ্রুপ- ৪ ও ১০ এর অনুকূলে তালিকাভূক্তি প্রদান করা হবে।

ঝ। ডিজিএফআই কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের মেয়াদ প্রদানের তারিখ হতে ০৫(পাঁচ) বৎসর পর্যন্ত বলবৎ থাকবে এবং এই মেয়াদ নবায়নযোগ্য হবে । প্রতিটি প্রতিষ্ঠানকে মেয়াদ পূর্তির কমপক্ষে ০৯(নয়) মাস পূর্বে আবেদনকারী প্রতিষ্ঠানের পূর্ববর্তী ০৪ বৎসর ০৩ মাসের কর্মকান্ডের বিস্তারিত বিবরণী দাখিল করতে হবে। নিরাপত্তা ছাড়পত্রের মেয়াদ উত্তীর্ণ হলে এবং উক্ত সময়ের মধ্যে বর্ণনা অনুযায়ী আবেদনপত্র পাওয়া না গেলে উক্ত প্রতিষ্ঠানের তালিকাভূক্তি বাতিল করা হবে। মেয়াদ উত্তীর্ণের বিষয়টি কোনক্রমেই বিবেচনা যোগ্য হবে না। তবে যথাসময়ে নবায়ন না করার কারণে সরবরাহকারী প্রতিষ্ঠানের তালিকাভূক্তি বাতিল হলে উক্ত প্রতিষ্ঠান ইচছা করলে নতুনভাবে পুনঃ তালিকাভূক্তির জন্য আবেদন করতে পারবে।

ঞ। কোন সরবরাহকারী প্রতিষ্ঠানের মালিকের শারীরিক অসুস্থ্যতা/মৃত্যু জনিত কারণে শুধুমাত্র তার বৈধ উত্তরাধিকারের নামে মালিকানা হস্তান্তর করা যাবে। উল্লেখ্য মালিকানা হস্তান্তর/পরিবর্তনের ক্ষেত্রে যাকে মালিকানা হস্তান্তর করা হবে তার নামে সমুদয় কাজগপত্র হালনাগাদ করতঃ যাবতীয় কাগজপত্রাদিসহ পুনরায় অত্র মহাপরিদপ্তরে প্রেরণ করতে হবে। মালিকানা হস্তান্তরের ক্ষেত্রে দেশে প্রচলিত আইন মোতাবেক কার্যক্রম গ্রহণ করতে হবে। পাওয়ার অব এ্যাটর্নীর মাধ্যমে কোন প্রতিষ্ঠানের মালিকানা হস্তান্তর/পরিবর্তন করা হলে তা কোন অবস্থাতেই অত্র মহাপরিদপ্তর কর্তৃক গৃহিত হবে না ।

ট। কোন প্রতিষ্ঠান যে নামে বা ঠিকানায় তালিকাভূক্ত হবে শুধুমাত্র সে নাম বা ঠিকানা ব্যবহার করে অত্র প্রতিষ্ঠানের যে কোন ক্রয় কার্যক্রমে অংশ গ্রহন করতে পারবে । ভিন্ন নাম/ঠিকানা ব্যবহার করে উক্ত প্রতিষ্ঠান ডিজিডিপি'র কোন ক্রয় কার্যক্রমে অংশ গ্রহন করতে পারবেনা । অপরিহার্য কারণে কোন সরবরাহকারী প্রতিষ্ঠানের ঠিকানা পরিবর্তনের প্রয়োজন হলে ঠিকানা পরিবর্তনের অপরিহার্যতার বিষয়টি বিস্তারিতভাবে বর্ণনা করতঃ তা অত্র মহাপরিদপ্তরকে জানাতে হবে। শুধুমাত্র অত্র মহাপরিদপ্তরের লিখিত অনুমতি সাপেক্ষে কোন প্রতিষ্ঠান পরিবর্তীত ঠিকানায় কার্যক্রম পরিচালনা করতে পারবে ।

ঠ। অত্র মহাপরিদপ্তরে তালিকাভূক্ত কোন প্রতিষ্ঠানের মালিক/চেয়ারম্যান বা ব্যবস্থাপনা পরিচালক/ নির্বাহী পরিচালক / পরিচালক অত্র মহাপরিদপ্তরে তালিকাভূক্ত অন্য কোন প্রতিষ্ঠানের মালিক/চেয়ারম্যান বা ব্যবস্থাপনা পরিচালক/ নির্বাহী পরিচালক / পরিচালক/ প্রতিনিধি হিসাবে কোন কাগজপত্র/দলিল-দস্তাবেজ স্বাক্ষর বা প্রতিনিধিত্ব করতে পারবে না। এর ব্যতিক্রম হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তালিকাভূক্তি বাতিল করা হবে।